

বৃহস্পতিবার, জানুয়ারি ১৮, ২০২৪ ■ মাঘ ৪, ১৪৩০

বনিকবাহী

এনএসইউতে চায়না-সাউথ এশিয়া সেন্টার ফর সোশিওকালচারাল স্টাডিজ উদ্বোধন

নর্থ সাউথ ইউনিভার্সিটির রাষ্ট্রবিজ্ঞান ও সমাজবিজ্ঞান বিভাগ (পিএসএস) সাউথ এশিয়ান ইনস্টিটিউট অব পলিসি অ্যান্ড গভর্ন্যান্স (এসআইপিজি) এবং কনফুসিয়াস ইনস্টিটিউট অব নর্থ সাউথ ইউনিভার্সিটির (সিআইএনএসইউ) যৌথ আয়োজনে চায়না-সাউথ এশিয়া সেন্টার ফর সোশিওকালচারাল স্টাডিজ (সিএসসিএসএস) উদ্বোধন করা হয়েছে। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন চীনের কুনমিংয়ের ইউনান ইউনিভার্সিটির ভাইস প্রেসিডেন্ট অধ্যাপক হু জিনমিং এবং সিপিসি ইউনান প্রাদেশিক পার্টি কমিটির প্রচার বিভাগের উপ-মহাপরিচালক ও ইউনান প্রাদেশিক সিভিলাইজেশন অফিসের চেয়ারম্যান পেং বিন। অনুষ্ঠানে ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর অধ্যাপক আতিকুল ইসলাম উপস্থিত ছিলেন।

